

বকেয়া এজিআর ১৯ হাজার কোটি টাকার বেশি, টাটা টেলিতে নগদ জোগাবে টাটা সপ

ছ'মাস বিলম্বের পরে ৫০ হাজার কর্মীর পদোন্নতি করতে চলেছে অ্যাকসেসওয়ার

ব্যবসায়িক

বেতন কম বাড়ুক, কর্মীরা সুবিধা চান অবসর-বিমায়

TALKING
পয়েন্ট

এই সময়: কর্মক্ষেত্রে বছর বছর মোটা অঙ্কের বেতন বৃদ্ধির বদলে দীর্ঘমেয়াদি সুযোগ-সুবিধার উপরেই বিশেষ জোর দিচ্ছে কর্মীরা। সম্প্রতি এক সমীক্ষা রিপোর্টে এমনটাই জানিয়েছে স্টাফিং সলিউশনস এবং এইচআর পরিষেবা প্রদানকারী সংস্থা জিনিয়াস কনসালট্যান্টস।

মেনশিন জীবন যাপনের খরচ আকাশছোঁয়া এবং নিয়োগকর্তাদের প্রত্যাশার চার পুরণ করতে কর্মীদের নাভিঃশ্বাস উঠলেও কম বেতনেও রাজি আছেন তারা। নিয়োগকর্তারা এক থাকায় অনেকটা বেতন বাড়ানোর বদলে স্বাস্থ্যবিমা, অবসরকালীন সহায়তা, ছেলেমেয়েদের শিক্ষায় সাহায্য করলে ভালো হয় বলে সমীক্ষায় অংশ নেওয়া প্রায় ৭৪ শতাংশ কর্মী জানিয়েছেন।

সারা দেশের ১,১৩৯ কর্মীর মধ্যে এই সমীক্ষা চালানোর পরে তাদের উত্তরের উপর ভিত্তি করে রিপোর্ট তৈরি করেছে মানবসম্পদ উপদেষ্টা



জিনিয়াস কনসালট্যান্টস। সমীক্ষায় ৩২ শতাংশ কর্মী জানিয়েছেন, বর্তমানে তাদের নিয়োগকর্তারা যে সমস্ত সুযোগ সুবিধা দিচ্ছেন তা তাদের আর্থিক প্রয়োজন মেটানোর পক্ষে যথেষ্ট। অন্যদিকে, ৬১ শতাংশ তা পর্যাপ্ত নয় বলে মনে করেন।

সংস্থার তরফে কর্মীদের মানসিক এবং আর্থিক সুস্থাস্থের উপর গুরুত্ব দেওয়া হয় না এবং তার জন্য আলাদা কোনও চেষ্টা করা হয় না বলে অভিযোগ করেছেন ৫৪ শতাংশের বেশি কর্মী।

জিনিয়াসের রিপোর্ট অনুযায়ী, দেশের অধিকাংশ কর্মী তাদের আর্থিক ও মানসিক সুস্থাস্থের প্রতি

ইনসেন্টিভ তাৎপর্যপূর্ণ ভাবে তাদের আর্থিক চিন্তা দূর করার পক্ষে সহায়ক হবে বলে জানিয়েছেন প্রায় ৭৩ শতাংশ উত্তরদাতা। সারা বছর কাজের পরে নিয়োগকর্তার তরফে পারদর্শিতাকে মাণকান্তি ধরে আর্থিক পুরস্কার কর্মীদের মনোকলই বাড়াবে না, তাদের আর্থিক চাহিদার অনেকটাই পূরণ করবে বলে রিপোর্টে জানিয়েছে জিনিয়াস কনসালট্যান্টস।

জিনিয়াসের রিপোর্ট

এ প্রসঙ্গে সংস্থার চেয়ারম্যান ও ম্যানেজিং ডিরেক্টর আর পি বাবব বলেন, 'এ যুগের কর্মীরা আর্থিক সহায়তার অন্য সংজ্ঞা নিখণ্ডন করছে। আর্থিক সচ্ছলতা আর শুধুমাত্র বেতনের উপর নির্ভরশীল নয়, এর সঙ্গে দীর্ঘমেয়াদি আর্থিক ও চাকরির নিরাপত্তা, ফ্রেসিবল কাজের সুযোগ এবং ইনসেন্টিভও যোগ হয়েছে। সংস্থাগুলিকে স্থিতিশীল, নিরাপদ ভবিষ্যতের কথা ভেবে নীতি তৈরি করতে হবে। কর্মীদের বিশ্বস্ততা, উৎসাহনশীলতা এবং বুদ্ধিতে কৌশলগত বিনিয়োগ আশ্বেরে সংস্থাগুলিকে লাভ দেবে।'